**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**অর্থ মন্ত্রণালয়**
**অভ্যন্তরীণ সম্পদ বিভাগ**

**[ মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক ]**

**প্রজ্ঞাপন**

**তারিখ: ২৪ জ্যৈষ্ঠ, ১৪৩৩ বঙ্গাব্দ / ০৭ জুন, ২০২৬ খ্রিষ্টাব্দ।**

**এস.আর.ও. নং-১৪৬-আইন/২০২৬/৩৫১-মূসক।**—সরকার, মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ (২০১২ সনের ৪৭ নং আইন), অতঃপর উক্ত আইন বলিয়া উল্লিখিত, এর ধারা ১৩৫, ধারা ১২৬ এর উপ-ধারা (১) এর সহিত পঠিতব্য, এ প্রদত্ত ক্ষমতাবলে কাস্টমস আইন, ২০২৩ (২০২৩ সনের ৫৭ নং আইন) এর First Schedule এর কলাম (1) এর শিরনামা সংখ্যা (Heading No.) 84.14, 84.15 এবং 84.18 এর বিপরীতে কলাম (2) এ উল্লিখিত সংশ্লিষ্ট অন্যান্য সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড (H.S. Code) এর আওতাধীন কলাম (3) এ বর্ণিত যথাক্রমে, রেফ্রিজারেটর, ফ্রিজার, এয়ারকন্ডিশনার এবং কম্প্রেসর এর স্থানীয় উৎপাদন পর্যায়ে ৭.৫ (সাত দশমিক পাঁচ) শতাংশের অতিরিক্ত মূল্য সংযোজন কর এবং উক্ত পণ্যসমূহ উৎপাদনে ব্যবহৃত প্রয়োজনীয় উপকরণ ও খুচরা যন্ত্রাংশ আমদানি ও স্থানীয়ভাবে ক্রয়ের ক্ষেত্রে উহাদের উপর আরোপণীয় সমুদয় মূল্য সংযোজন কর (আগাম কর ব্যতীত) নিম্নবর্ণিত শর্তসমূহ পরিপালন সাপেক্ষে অব্যাহতি প্রদান করা হইল, যথা:-

**শর্তাবলি:**

(ক) সংযোজনকারী প্রতিষ্ঠান ব্যতীত উৎপাদনকারী প্রতিষ্ঠানের ক্ষেত্রে ইহা প্রযোজ্য হইবে;

(খ) সংশ্লিষ্ট পণ্য উৎপাদনকারী প্রতিষ্ঠানকে বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ হইতে উৎপাদক হিসাবে নিবন্ধন গ্রহণ করিতে হইবে;

(গ) রেফ্রিজারেটর ও ফ্রিজার উৎপাদনকারী প্রতিষ্ঠানের নিজস্ব মোল্ড ও ডাইস তৈরির প্লান্ট ও উহা তৈরীর সংশ্লিষ্ট মেশিনারী যেমন, Verticle Machining Centre (VMC), Electric Discharge Machine (EDM), Wire Cut Machine থাকিতে হইবে;

(ঘ) রেফ্রিজারেটর ও ফ্রিজার উৎপাদনকারী প্রতিষ্ঠানে Poly Unrethane Faoming Plant, Powder Coating Plant, Injection Molding Machine, ETP Plant, Thermoforming Plant, Roller Forming Machine, Gasket Making Plant, ABS & HIPS Sheet Co-Extruding Machine Line, Humidity & Temperature Testing Chamber, Moisturing Testing Machine, Salt Spray Testing Machine, Die Casting Machine, Hardness Testing Machine & Packing Unit থাকিতে হইবে;

(ঙ) এয়ারকন্ডিশনার উৎপাদনকারী প্রতিষ্ঠানের প্রয়োজনীয় মেশিনারীজ হইবে, যেমন- Plastic Injection Molding Machine, Power Press Machine, Hydraulic Press Machine, Ultrasonic welding Machine, Shearing

Machine, Milling Machine, Vertical Expander Machine, Tube Bending Machine, Air Compressor ETP, Power coating Plant, Vertical Machining Centre (VMC), Electric Discharge Machine (EDM), Wire Straightening & Cutting Machine, Lathe Machine, Heat Treatment Furnace, Heat Treatment Oven, Psychometric Treatment Machine:

তবে শর্ত থাকে যে, সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের Heat Treatment Furnace, Heat Treatment Oven, Psychometric Treatment Machine নিজস্ব প্রাঙ্গণে সংস্থাপিত না থাকিলে উহাদের দ্বারা সম্পাদিত কার্যক্রম বা সেবা অন্য কোনো প্লান্ট বা প্রতিষ্ঠান হইতে সংগ্রহ করিবার ব্যবস্থা থাকিতে হইবে;

(চ) কম্প্রেসর উৎপাদনকারী প্রতিষ্ঠানে Sand Moulding Machine, Induction Melting Furnace, Heat Treatment Furnace, Spectrometer, Upper Cover Press Machine, Lower Cover Press Machine, Crankshaft Grinding Line, Crankcase Machining Line, Stator Line, Lamination Annealing Furnace, Dip Phosphating Line, Rotor Line, Life Testing Machine, Hemi-anechoic Chamber, CNC Coordinate Measuring Machine & Calorimeter থাকিতে হইবে;

(ছ) উৎপাদনকারী প্রতিষ্ঠানকে **'পরিশিষ্ট-ক'** মোতাবেক বিভাগীয় কর্মকর্তার নিকট মূল্য সংযোজনের স্বপক্ষে একটি ঘোষণাপত্র দাখিল করিতে হইবে এবং উক্ত ঘোষণার ভিত্তিতে কমপক্ষে ৩০ শতাংশ মূল্য সংযোজন করিতে হইবে;

(জ) দফা (ক) হইতে (ছ) এ উল্লিখিত শর্তাদি পরিপালনপূর্বক উৎপাদনকারী প্রতিষ্ঠানসমূহকে অব্যাহতির বিধান কার্যকর করণের লক্ষ্যে সংশ্লিষ্ট পণ্য উৎপাদনকারী প্রতিষ্ঠানসমূহকে জাতীয় রাজস্ব বোর্ডে আবেদন করিতে হইবে;

(ঝ) উক্ত আবেদনের ভিত্তিতে জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক গঠিত নিম্নে বর্ণিত পরিদর্শন কমিটির প্রতিবেদন বোর্ড কর্তৃক গৃহীত হইতে হইবে, যথা:

**কমিটি গঠন:**

(১) দ্বিতীয় সচিব (মূসক), জাতীয় রাজস্ব বোর্ড;
(২) সংশ্লিষ্ট বিভাগীয় কর্মকর্তা;
(৩) যে কোন পাবলিক বিশ্ববিদ্যালয় এর একজন যথোপযুক্ত প্রতিনিধি; এবং
(৪) সংশ্লিষ্ট মূসক সার্কেলের রাজস্ব কর্মকর্তা।

(ঞ) দফা (ঝ) তে বর্ণিত কমিটি অনধিক ৩০ (ত্রিশ) দিনের মধ্যে পরিদর্শন প্রতিবেদন জাতীয় রাজস্ব বোর্ডে দাখিল করিবে, অতঃপর বোর্ড, দাখিলকৃত প্রতিবেদনে প্রজ্ঞাপনের শর্তাবলি যথাযথভাবে প্রতিপালিত হওয়া সাপেক্ষে ৩০ (ত্রিশ) দিনের মধ্যে বিষয়টি নিষ্পত্তি করিবে:

তবে শর্ত থাকে যে, ইতিপূর্বে যেই সকল প্রতিষ্ঠান রেফ্রিজারেটর, ফ্রিজার, এয়ারকন্ডিশনার এবং কম্প্রেসর উৎপাদনে রেয়াতি সুবিধা প্রাপ্য হইয়াছে, সেই সকল প্রতিষ্ঠান কর্তৃক উক্ত পণ্য উৎপাদনের সক্ষমতা ও প্রয়োজনীয় মেশিনারিজ রয়েছে মর্মে ৩০০ টাকার নন-জুডিসিয়াল স্ট্যাম্পে অঙ্গীকারনামাসহ জাতীয় রাজস্ব বোর্ডে আবেদন দাখিল সাপেক্ষে পুনরায় কমিটি গঠনপূর্বক পরিদর্শনের

প্রয়োজন হইবে না। অর্থাৎ, উক্ত প্রতিষ্ঠানসমূহ এই প্রজ্ঞাপনের সুবিধা প্রাপ্য হইবে; এবং

(ট) উৎপাদনকারী প্রতিষ্ঠানকে শুল্কায়নের সময় উপকরণ-উৎপাদ সহগ ঘোষণা (মূসক-৪.৩) দাখিল করিতে হইবে। রেফ্রিজারেটর, ফ্রিজার, এয়ারকন্ডিশনার এবং কম্প্রেসর উৎপাদনে ব্যবহৃত প্রয়োজনীয় উপকরণসমূহ সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের ফরম মূসক-৪.৩ এ উপকরণ হিসেবে উল্লেখ থাকিতে হইবে।

২। এই প্রজ্ঞাপনের আওতায় রেয়াতি সুবিধাপ্রাপ্ত প্রতিষ্ঠানসমূহ প্রজ্ঞাপনের সকল শর্তাবলি পরিপালন করে কি না তা অর্থবছর সমাপ্তির এক মাসের মধ্যে কমিশনার বা তদ্ কর্তৃক ক্ষমতাপ্রাপ্ত এক বা একাধিক মূসক কর্মকর্তা কর্তৃক যাচাই করিতে হইবে, যাচাইয়ান্তে, প্রজ্ঞাপনের কোনো শর্ত ভঙ্গের প্রমাণ পাওয়া যাইলে অনতিবিলম্বে জাতীয় রাজস্ব বোর্ডকে অবহিত করিতে হইবে।

৩। এই প্রজ্ঞাপনের উদ্দেশ্য পূরণকল্পে সংশ্লিষ্ট উৎপাদনকারী প্রতিষ্ঠানকে মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ এর ধারা ৫১, ৫৩, ৫৪, ৬৪ ও ১০৭ এ উল্লিখিত মূল্য সংযোজন কর সংক্রান্ত হিসাবরক্ষণসহ কর চালানপত্র ও দাখিলপত্রের যাবতীয় আনুষ্ঠানিকতা প্রতিপালন করিতে হইবে।

৪। যথাযথ বিক্রয়োত্তর সেবা প্রদানের লক্ষ্যে সংশ্লিষ্ট উৎপাদনকারী প্রতিষ্ঠান কর্তৃক প্রস্তুতকৃত খুচরা যন্ত্রাংশ বিক্রয়ের ক্ষেত্রে ৭.৫ শতাংশ মূসক পরিশোধ করিতে হইবে এবং এই ধরণের পণ্যের খুচরা যন্ত্রাংশ বিক্রয়ের পরিমাণ অর্থবছর ভিত্তিক মোট উৎপাদিত পণ্যের ৩ শতাংশের অধিক হইবে না।

৫। অনুচ্ছেদ-১ এর শর্তাদি পূরণ সাপেক্ষে অব্যাহতিপ্রাপ্ত হইলেও সংশ্লিষ্ট প্রতিষ্ঠান অনুচ্ছেদ-৩ এর শর্ত পরিপালন করিতে ব্যর্থ হইলে এই অব্যাহতি সুবিধা প্রাপ্য হইবে না।

৬। উৎপাদন পর্যায়ে ৭.৫ শতাংশ হারে মূসক পরিশোধ পূর্বক পণ্য সরবরাহ করা হইলে উক্ত পণ্য উৎপাদনে ব্যবহৃত উপকরণের বিপরীতে পরিশোধিত উপকরণ কর, রেয়াত গ্রহণ করা যাইবে না এবং ইতোমধ্যে উক্ত উপকরণের বিপরীতে পরিশোধিত উপকরণ কর রেয়াত গ্রহণ করা হইলে তাহা বৃদ্ধিকারী সমন্বয় করিতে হইবে। তবে, এই প্রজ্ঞাপন জারির পূর্বে আমদানিকৃত বা স্থানীয়ভাবে ক্রয়কৃত উকরণের বিপরীতে পরিশোধিত মূসক রেয়াত গ্রহণ করা যাইবে, যদি উক্ত উপকরণ দ্বারা উৎপাদিত পণ্য সরবরাহের ক্ষেত্রে ১৫ শতাংশ হারে মূসক পরিশোধ করা হয়।

৭। এই বিভাগের প্রজ্ঞাপন এস.আর.ও নং-১৯১-আইন/২০২৫/১৩-কাস্টমস, তারিখ: ২৯ মে, ২০২৫ খ্রিষ্টাব্দ বা সরকার কর্তৃক, সময় সময়, জারীকৃত মূলধনী যন্ত্রপাতি ও যন্ত্রাংশের অব্যাহতি বা রেয়াতি সুবিধা সংক্রান্ত প্রজ্ঞাপনের আওতাভুক্ত সুনির্দিষ্ট এইচ.এস. কোড এর কোন এয়ারকন্ডিশনার, রেফ্রিজারেটর ও ফ্রিজার এবং কম্প্রেসর উৎপাদনের ক্ষেত্রে মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক বিধিমালা, ২০১৬ এর বিধি ১১৮গ এর বিধান অনুযায়ী উহার প্রস্তুতকারক বা উৎপাদক মূল্য সংযোজন কর পরিশোধ ব্যতিরেকে উক্ত উৎপাদিত পণ্য সরবরাহ করিতে পারিবে। তবে, এতদ্‌ব্যতীত অন্য কোন এয়ারকন্ডিশনার, রেফ্রিজারেটর ও ফ্রিজার এবং কম্প্রেসর উৎপাদনের ক্ষেত্রে ৭.৫ শতাংশ মূল্য সংযোজন কর প্রযোজ্য হইবে।

৮। এই প্রজ্ঞাপন ১১ জুন, ২০২৬ খ্রিষ্টাব্দে কার্যকর হইবে এবং ৩০ জুন, ২০৩০ খ্রিষ্টাব্দ পর্যন্ত বলবৎ থাকিবে।

## পরিশিষ্ট-ক

১। করদাতার নাম:
২। ঠিকানা:
৩। ব্যবসায় সনাক্তকরণ সংখ্যা:
৪। ঘোষণার তারিখ :

| ক্রমিক নং | পণ্যের সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড (HS Code) | উৎপাদিত পণ্যের নাম ও বিবরণ (প্রযোজ্য ক্ষেত্রে ব্র্যান্ড নেম সহ) | সরবরাহ/বিক্রয়ের একক | পণ্য উৎপাদনে ব্যবহার্য উপকরণ/কাঁচামাল এবং প্যাকিং সামগ্রীর নাম ও বিবরণ | একক পণ্য উৎপাদনে ব্যবহার্য অপচয়সহ উপকরণ/কাঁচামাল ও প্যাকিং সামগ্রীর পরিমাণ (অপচয়ের পরিমাণ প্রথম বন্ধনীর মধ্যে আলাদাভাবে উল্লেখ করিতে হইবে) | কলাম (৬) এ বর্ণিত উপকরণ বা প্যাকিং সামগ্রীর মূল্য (আমদানিকৃত হলে শুল্কায়নযোগ্য মূল্য+শুল্ক+ সম্পূরক শুল্ক+এলসি ফি+ অবকাঠামো উন্নয়ন সারচার্জ/ স্থানীয় উৎপাদিত হইলে সম্পূরক শুল্কসহ মোট ক্রয়মূল্য (প্রদত্ত মসক ব্যতীত)/আবগারি পণ্য হইলে আবগারি শুল্কসহ মোট মূল্য/ মূসক অব্যাহতিপ্রাপ্ত হইলে মোট ক্রয়মূল্য) | মূল্য সংযোজনের খাত/ আইটেমের নাম | প্রতি একক পণ্য মূল্যে কলাম (৮) এ উল্লিখিত প্রতিটি আইটেম বা খাতের অবদান/মূল্য সংযোজনের পরিমাণ | সম্পূরক শুল্ক আরোপযোগ্য মূল্য (যদি বিবেচ্য পণ্যের উৎপাদন পর্যায়ে সম্পূরক শুল্ক প্রযোজ্য থাকে) [কলাম (৭) ও (৯) এর যোগফল] | | কলাম (১১) এ প্রস্তাবিত মূল্যের উপর সম্পূরক শুল্কের পরিমাণ | মূসক আরোপযোগ্য মূল্য [কলাম (১১)+ কলাম (১২)] [বি:দ্র: যেক্ষেত্রে স্থানীয় পর্যায়ে সম্পূরক শুল্ক প্রযোজ্য নয়সেক্ষেত্রে [কলাম (৭)+(৯)] | | শুল্ক ও করসহ বিক্রয়মূল্য | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | বর্তমান | প্রস্তাবিত | | বর্তমান | প্রস্তাবিত | পাইকারি | মুদ্রিত খুচরা মূল্য (যদি থাকে) |
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) | (৮) | (৯) | (১০) | (১১) | (১২) | (১৩) | (১৪) | (১৫) | (১৬) |
| | | | | | | | | | | | | | | | |

১। উপরোক্ত টেবিলে প্রদত্ত তথ্যের সমর্থনে প্রমাণিক দলিলাদি এই ঘোষণা পত্রের সহিত সংযুক্ত করা হইয়াছে।

২। আমি এই মর্মে অঙ্গীকার করিতেছি যে, এই প্রজ্ঞাপনে বর্ণিত অব্যাহতি সুবিধা গ্রহণকল্পে সকল তথ্য সত্য ও সঠিক এবং ইহা নির্ধারণের অনুকূলে সকল দলিলাদি আমার এখাতিয়ারে আছে।

৩। মূল্য সংযোজন কর কর্তৃপক্ষ কর্তৃক পরিচালিত কোনো তদন্তে উপরিউক্ত ঘোষণা অসংগতিপূর্ণ বা অসত্য প্রতীয়মান হওয়ার ক্ষেত্রে বোর্ড অব্যাহতি সুবিধা বাতিল করিতে পারিবে ও প্রযোজ্য কর পরিশোধযোগ্য হইবে।

তারিখ: **নিবন্ধিত ব্যক্তি/ ব্যবস্থাপনা কর্তৃপক্ষের স্বাক্ষর ও সিল**

**রাষ্ট্রপতির আদেশক্রমে,**

**স্বাক্ষরিত/-**

**(মোঃ আবদুর রহমান খান এফসিএমএ)**
**সচিব**